২০/১১/৯০

পাইকগাছায় সমাবেশ মিছিল

।। নিজস্ব সংবাদদাতা ।।

পাইকগাছা, নভেম্বর ১১।–হরিণখোলা গ্রামের দিনমজুর করুনাময়ী হত্যার বিচারের দাবীতে আজ সকাল ১১টায় পাইকগাছা উপজেলা শহীদ মিনার চত্বরে এক সমাবেশ অনুষ্ঠিত হয়।

সিপিবি নেতা রশিদুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তৃতা করেন আওয়ামী লীগের এ্যাডঃ সোহরাব হোসেন, ডেপুটি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সৌমেন্দ্র নাথ হালদার, এ্যাডঃ স, ম, ইউসুপ, নারায়ণ চন্দ্র চন্দ, আতিয়ার রহমান, নজরুল ইসলাম, দেবাশীষ বিশ্বাস, মাধব চন্দ্র রায়, মহিলা নেত্রী শ্যামলী বৈরাগী, অসীত অমিয় দাস রায়, কালু সাহা, সাইফুল লস্কর, ইউনাইটেড কমিউনিষ্ট লীগের মোমিনুদ্দীন

শেষ পাতার ৬-এর কলম দেখুন

পাইকগাছায়

প্রথম পাতার পর

সরদার, ক্ষেত মজুর নেতা সুলতান আহমেদ, সরোয়ার তরফদার, ২২নং পোল্ডারের অধিবাসী আঃ রাজ্জাক মোল্যা, আঃ সবুর সেখ, সুজিত হালদার, সর্বদলীয় ছাত্র ঐক্যের পক্ষ থেকে রেজাউল করিম, আবু সাঈদ, সুভাষ সানা মহিম এবং স্বেচ্ছাসেবী সংগঠন 'নিজেরা করি'র পক্ষ থেকে তারা মিয়া।

সমাবেশে বক্তারা, আগামী দশ দিনের মধ্যে করুনাময়ী হত্যার বিচার বিভাগীয় তদন্তের দাবী করেছেন। সমাবেশ শেষে একটি শান্তিপূর্ণ মিছিল করে পাইকগাছা উপজেলা নির্বাহী কর্মকর্তার কাছে একটি স্মারক লিপি পেশ করা হয়। অন্যায় প্রতিরোধ কমিটি এই সমাবেশের আয়োজনকারী।